



২/২

নিলাম বিজ্ঞপ্তি

বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, খুলনা

- ১। সেক্টর সদর দপ্তর, খুলনায় নিম্নলিখিত মালামাল নিলামে বিক্রয়ের নিমিত্তে ঠিকাদার/ফার্ম/ প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছেঃ
 - ক। সৈনিকদের ব্যবহৃত অর্ডন্যান্স দ্রব্যাদি (মেশারী/বুটডিএমএস/সুতি দড়ি/পিটি সুজ/জংগল বুট/কিট ব্যাগ/এ্যালুমিনিয়াম/অন্যান্য দ্রব্যাদি ইত্যাদি)।
- ২। দরপত্র সিডিউল (ছুটির দিন ব্যতীত) প্রত্যহ অফিস চলাকালীন সময় (০৯০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত) সৈনিকদের ব্যবহৃত অর্ডন্যান্স দ্রব্যাদির জন্য ৪০০/- (চারশত) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে ০৪ জুলাই ২০১৭ তারিখ পর্যন্ত পাওয়া যাবে।
- ৩। দরপত্র আগামী ০৫ জুলাই ২০১৭ তারিখ ১১৫৫ ঘটিকায় সেক্টর সদর দপ্তর, খুলনায় রক্ষিত বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিনই ১২০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ৪। দরপত্রের সিডিউলের সাথে সেক্টর কমান্ডার, বিজিবি খুলনার অনুকূলে (পৃথক পৃথক ভাবে) ১০,০০০/- (দশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরত যোগ্য) নিরাপত্তা জামানত হিসেবে অবশ্যই জমা দিতে হবে।
- ৫। দরপত্রের সিডিউলের সর্বোচ্চ দর দাতাকে তাৎক্ষণিক ভাবে নিলাম মূল্যের ৫০% মূল্য পরিশোধ করতে হবে এবং অবশিষ্ট মূল্য পরিশোধ সাপেক্ষে মালামাল গ্রহণ করতে হবে। সরকারী নিয়মানুযায়ী মোট মূল্যের ৫% আয়কর এবং ৪% ভ্যাট প্রদান করতে হবে।
- ৬। দরপত্র খোলার দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না এবং নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা যাবে না।
- ৭। সরকারী নিয়মানুযায়ী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান মালামাল ক্রয়ের দরপত্র দাখিল করতে পারেন।
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম কার্য স্থগিত অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

অতিরিক্ত পরিচালক (লজিস্টিক)
সেক্টর কমান্ডারের পক্ষে

সীলিত